

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.lawjusticediv.gov.bd

নং-আর-৬/৭এন-৪৩/২০১৫ (বিবিধ)-০১

তারিখঃ ১২/০১/২০২২ খ্রিঃ।

বিষয়ঃ নোটারী লাইসেন্স নবায়নের ক্ষেত্রে বিধিতে বর্ধিত নির্ধারিত সময়ে আবেদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, নোটারী সার্টিফিকেট নবায়নের ক্ষেত্রে নোটারী এডভোকেটগন তাদের নোটারী সার্টিফিকেট নবায়নের সময় কখনও কখনও "The Notaries Rules, 1964" (পরবর্তীতে ২০০৩ সনে সংশোধিত) এর বিধি "7A" মোতাবেক মেয়াদ উত্তীর্ণের পর নির্ধারিত ৯০(নব্বই) দিনের মধ্যে আবেদন পত্র মন্ত্রণালয়ের এ বিভাগে প্রেরণ না করে বিলম্বে প্রেরণ করছেন। ফলে বিভিন্ন জটিলতার সৃষ্টি হচ্ছে। এ সংক্রান্তে "The Notaries Rules, 1964" (পরবর্তীতে ২০০৩ সনে সংশোধিত) এর বিধি "7A" নিম্নরূপঃ-

"7A. **Renewal of certificate of appointment-(1)** Every notary who wishes to continue to practice after the expiry of the period for which his certificate of practice has been issued shall, before ninety days of such expiry make an application to the Government for renewal of the certificate of his appointment along with annual returns of the notarial acts done by the him during the preceding three years."

এমতাবস্থায়, নবায়নে আগ্রহী নোটারী এডভোকেটগনকে নোটারী সার্টিফিকেট নবায়নের জন্য "The Notaries Rules, 1964" (পরবর্তীতে ২০০৩ সনে সংশোধিত) এর "7A" বিধিতে উল্লিখিত মেয়াদ উত্তীর্ণের ৯০ (নব্বই) দিন পূর্বে মন্ত্রণালয়ের এ বিভাগে যথাযথভাবে আবেদন করার জন্য নোটারী এডভোকেটগনকে নির্দেশনা প্রদান করা হলো।


স্বঃ
(মোঃ শফিউল আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ২২৩৩৮৬০১০।

নং-আর-৬/৭এন-৪৩/২০১৫ (বিবিধ)-০১

তারিখঃ ১২/০১/২০২২ খ্রিঃ।

অনুলিপি অবগতি, বিতরণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ-

- ১। বিজ্ঞ জেলা জজ, -----সকল।
- ২। সভাপতি, জেলা আইনজীবী সমিতি, -----সকল।
- ৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। এডভোকেট -----।
- ৫। অফিস কপি।
- ৬। গার্ড ফাইল।


(মোঃ শফিউল আলম)
সিনিয়র সহকারী সচিব।